46

দৈনিক ইনকিলাব

তারিখ .. AUG. 1 2 [illegible]
পৃষ্ঠা ৮ কলাম ৩

# নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে সিটি কর্পোরেশনের উদ্যোগে মুকুলিত খুলনা কার্যক্রম

**খুলনা ব্যুরো ঃ** সার্বিক সাক্ষরতা আন্দোলন (টিএলএম)-এর মাধ্যমে খুলনা মহানগরীকে ২০০০ সালের মধ্যে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে খুলনা সিটি কর্পোরেশন ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। খুলনা সিটি কর্পোরেশনের নিজস্ব ব্যয়ে পরীক্ষামূলকভাবে ২, ৫, ১১ এবং নতুন ২৩ ও ২৯নং ওয়ার্ডে 'মুকুলিত খুলনা' নামক এ কার্যক্রম শুরু হয়েছে।

গত মঙ্গলবার সকালে ৫টি ওয়ার্ডে প্রশিক্ষণ কার্যক্রমের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। ১১নং ওয়ার্ডে এ কার্যক্রমের সভাপতিত্ব করেন ওয়ার্ড কমিশনার মিয়া মুজিবর রহমান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য কাজী সেকেন্দার আলী ডালিম। বিশেষ অতিথি ছিলেন কেসিসি প্রধান নির্বাহী কর্মকর্তা ফজল আবু মনসুর।

৫নং ওয়ার্ডের অনুষ্ঠানে শেখ কামরুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেসিসি'র সচিব মোঃ আলিমুজ্জামান। অনুরূপভাবে ২নং ওয়ার্ডের উদ্বোধনী অনুষ্ঠানে মিসেস ফাতেমা চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন কেসিসি'র সচিব মোঃ আলিমুজ্জামান। একইভাবে নতুন ২৩নং ওয়ার্ডের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়ার্ড কমিশনার কাজী মোঃ রাশেদ। এখানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেসিসি'র প্রধান প্রকৌশলী লিয়াকত আলী শরীফ।

খুলনা মহানগরীকে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে আগামী মাসের প্রথম সপ্তাহে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র শেখ তৈয়েবুর রহমান সকল শ্রেণীর জনগণকে নিয়ে মহানগরীর ৫টি থানা ও ৫টি ওয়ার্ডে ৫০টি কেন্দ্র চালু করবেন। ডিসেম্বর মাসেই নগরীর প্রত্যেকটি ওয়ার্ডে মুকলিত খুলনা নামক কার্যক্রম সম্প্রাসারণের মাধ্যমে আগামী ২০০০ সালের মধ্যে খুলনা মহানগরীকে নিরক্ষরমুক্ত করা হবে।